# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৪৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (১৩) জানাযার সালাত আদায় করা প্রসঙ্গে

## 13 ـ فَصْلٌ فِي الصَّلَاةِ عَلَى الْجَنَازَةِ

আরবী

3047 ـ أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانٍ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: حَدَّثَنا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ: أُتِيَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بجنازةٍ لِيُصلِّي عَلَيْهَا فَقَالَ: (أَعلَيْهِ دَيْنٌ؟ ) قَالُوا: نَعَمْ دِينَارَيْنِ قَالَ: (تَرَكَ لَهُما وَفَاءً؟ ) قَالُوا: لَا , قَالَ: (فَصَلُّوا عَلَى صَاحِبِكُمْ) قَالَ أَبُو قَتَادَةَ: هُمَا إليَّ يَا رسولَ اللَّهِ فصلَّى عَلَيْهِ رسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي : أَبُو قَتَادَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3047 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((أحكام الجنائز)) (ص 111).

বাংলা

৩০৪৭. আবূ কাতাদাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে সালাত আদায় করার জন্য একটি জানাযা আনা হলো। তখন তিনি বলেন, “তার কি ঋণ আছে?” লোকজন বললো, “জ্বী, হ্যাঁ। দুই দীনার ঋণ আছে।” তিনি জিজ্ঞেস করলেন, “তা পরিশোধ করার জন্য কি সহায়-সম্পদ রেখে গেছে?” জবাবে তারা বললেন, “জ্বী, না।” তখন তিনি বলেন, “তোমরা তোমাদের সঙ্গীর জানাযার সালাত আদায় করে নাও।”

তখন আবূ কাতাদাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, সেটা পরিশোধ করার দায়িত্ব আমি নিয়ে নিলাম।” তারপর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার সালাত আদায় করেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৯৭; দারেমী: ২/২৬৩; তিরমিযী: ১০৬৯; নাসাঈ: ৪/৬৫; ইবনু মাজাহ: ২৪০৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৫২৫৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১১১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন